দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
বুধবার, ১২ জুলাই ২০১৭, ২৮ আষাঢ় ১৪২৪, ১৭ শাওয়াল ১৪৩৮
ENGLISH
ঢাকা, বুধবার,
৩৪ °সে
Custom Search






# অদম্য সৃষ্টিশীল তরুণদের অভিনন্দন

১২ জুলাই, ২০১৭ ইং

বাংলাদেশের ন্যানো স্যাটেলাইট 'ব্র্যাক অন্বেষা' গত শুক্রবার হইতে প্রদক্ষিণ শুরু করিয়াছে পৃথিবীর কক্ষপথে। পৃথিবী হইতে ৪০০ কিলোমিটার উপরে অবস্থান করিয়া ইহা পৃথিবীর চারিপার্শ্বে প্রদক্ষিণ করিতে সময় লইবে ৯০ মিনিটের মতো। প্রদক্ষিণের সময় ইহা দিনে বাংলাদেশের উপর দিয়া উড়িয়া যাইবে চার হইতে ছয়বার। স্যাটেলাইটটি দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতায় ১০ সেন্টিমিটার। ওজনে প্রায় এক কেজি। এই ন্যানো স্যাটেলাইটটির নকশা তৈরি, উপকরণ সংগ্রহ ও নির্মাণ করিয়াছেন বাংলাদেশেরই তিন তরুণ—রায়হানা শামস ইসলাম, আবদুল্লা হিল কাফি ও মাইসুন ইবনে মনোয়ার। জাপানের কিউশু ইনস্টিটিউট অব টেকনোলজির (কিউটেক)-এর স্নাতকোত্তর পর্যায়ের এই তিন শিক্ষার্থী কিউটেকের একটি প্রকল্পের আওতায় স্বল্পোন্নত দেশের জন্য এই ন্যানো স্যাটেলাইট নির্মাণকাজে অংশ লইয়াছেন। কৃত্রিম উপগ্রহটি বাংলাদেশ হইতে নিয়ন্ত্রিত হইবে ব্র্যাক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে। ইহার জন্য একটি গ্রাউন্ড স্টেশন তৈরির কাজ করিয়াছেন ব্র্যাকেরই আরেকদল শিক্ষার্থী।

বাংলাদেশের জন্য এই স্মরণীয় উপহারের আয়োজন করিবার জন্য তিন তরুণ গবেষক, ব্র্যাক ও কিউটেক-কে অভিনন্দন। জানা গিয়াছে, বাংলাদেশের কৃষি, দুর্যোগ মোকাবিলাসহ মহাকাশ-সংক্রান্ত নানা বিষয়ে গবেষণার জন্য উচ্চমানের ছবি তুলিয়া পাঠাইবে এই অন্বেষা। মহাকাশে বিশেষ বিশেষ দিনে দেশের জাতীয় সংগীতও বাজাইবে এই স্যাটেলাইট। এতদিন বাংলাদেশ মূলত যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স ও ভারতের নিকট হইতে কৃত্রিম উপগ্রহের ছবি ক্রয় করিত। ইহাতে বৈদেশিক মুদ্রা খরচের পাশাপাশি অনেক ক্ষেত্রেই তাহা বাংলাদেশের ভূমিরূপ ও প্রকৃতি বুঝিবার উপযোগী হইত না। অথচ দেশের নিজস্ব কৃত্রিম উপগ্রহ থাকিলে তাহা আমাদের আরো গভীর ও ভালোমতো গবেষণা করিতে সহায়তা করিতে পারে। সুতরাং 'বঙ্গবন্ধু স্যাটেলাইট' উৎক্ষেপণের পূর্বে 'ব্র্যাক অন্বেষা' বাংলাদেশের জন্য একটি যুগান্তকারী ঘটনা বটে।

ইহা অত্যন্ত আনন্দের যে, আমাদের অদম্য সৃষ্টিশীল তরুণেরা যথাযথ সুযোগ পাইলেই প্রমাণ করিয়া দিতে পারে—তাহাদের অসাধ্য কিছু নাই। নূতন প্রজন্মের এই মেধাবীরা দেশে যথাযথ পৃষ্ঠপোষকতায় কিংবা বিদেশের মাটিতে নিজেদের অমিয় প্রতিভার স্বাক্ষর রাখিয়া চলিতেছে নিরন্তর। পাটের জিনোম আবিষ্কার, কলেরার ভবিষ্যদ্বাণী ও জ্বালানি ছাড়া বিদ্যুত্ আবিষ্কার, দুই দফায় অস্কারপ্রাপ্তি, ইউটিউবের সহ-প্রতিষ্ঠাতা, হিমালয় জয়—সর্বত্রই এক গৌরবময় পদচিহ্ন আঁকিয়া চলিতেছে আমাদের সৃজনঋদ্ধ তরুণেরা। সূর্যাপেক্ষা কয়েক শত গুণ বৃহত্ পাঁচটি জোড়া নক্ষত্র আবিষ্কার করিয়া গত বত্সর জ্যোতির্বিজ্ঞানের জগতে আলোড়ন তুলিয়া দেয় নাসার একটি বিশেষ দল। আর সেই দলের নেতৃত্ব দিয়াছেন নাসায় কর্মরত এক তরুণ বাংলাদেশি। এই ধরনের তালিকা করিলে তাহা দীর্ঘ হইতে দীর্ঘতর হইবে।

তারুণ্যের যেকোনো সাফল্য এই বার্তা দেয় যে, উড়িবার জন্য তাহাদের যথাযথ পরিবেশ উপহার দিলে তাহারাও ডানা মেলিতে পারে অবারিত দিগন্তে। সুতরাং যাহারা তারুণ্যের এই সকল সাফল্যগাথার নেপথ্যে পৃষ্ঠপোষকতা করিতেছেন, ব্র্যাকসহ আরো যাহারা রহিয়াছেন নেপথ্যে, অভিনন্দন তাহাদের। বিশ্ব দরবারে বাংলাদেশকে মাথা উঁচু করিবার সুযোগদানের মতো গর্বের বিষয় আর কী হইতে পারে?

Sponsored by Revcontent

How to Reach Your Right User at the Right Time




facebook Recent Activity

Tweets by @DAILYITTEFAQ

DAILY ITTEFAQ
@DAILYITTEFAQ
হামের কারণে মৃত্যু হয় সীতাকুণ্ডের সেই নয় শিশুর
bit.ly/2uvriFe



Embed View on Twitter


Revcontent Publisher Referral Program: Give 5%, Get 5%

Revcontent on the Key to Great Mobile UX - Continual

4 Marketing Strategies to Make Consumers Love Your

Is Your Content Ready for Summer Vacation?

Sponsored by Revcontent




**0 Comments** **The Daily Ittefaq** 1 **Login**

Recommend Share Sort by Best

Start the discussion…

LOG IN WITH

OR SIGN UP WITH DISQUS ?

Name

Be the first to comment.

১২ জুলাই, ২০১৭ ইং

| | |
|---|---|
| ফজর | ৩:৫২ |
| যোহর | ১২:০৪ |
| আসর | ৪:৪৪ |
| মাগরিব | ৬:৫২ |
| এশা | ৮:১৫ |

সূর্যোদয় - ৫:১৯ সূর্যাস্ত - ০৬:৪৭

ALSO ON **THE DAILY ITTEFAQ**

**দেশপ্রেমিকরা কখনোই হতাশ হন না --আনোয়ার হোসেন মঞ্জু | শেষ পাতা**

1 comment • 2 days ago•

democracy now — ভোটার বিহীন বিনা ভোটের মনত্রী এমপিরা কত কোটি কোটি টাকা চুরি করছে?মানিক মিয়ার কুলাঙ্গার মনজু সবচেয়ে বড় …

**নির্বাচন নিয়ে বিএনপি আবারো ঘোট পাকাতে শুরু করেছে:নাসিম | শেষ পাতা**

1 comment • 15 hours ago•

people matter — জনগনের ভোটাধীকার হরন করে নিজে কেন বিনা ভোটে মনত্রী?যেখানে 90% ভোটার ভোট দেয় নাই,সেই ভোটার বিহীন সরকারকে কী …

**এতিমের টাকা মেরে খেয়ে এখন নির্বাচন করতে চায় | প্রথম পাতা**

1 comment • 15 hours ago•

voter matter — নিজেদের হাজার হাজার মামলা বাতিল করলেন কেন?বাতিল হলেও শেষ হয়নি। বিএনপিকে জনসভা.মিটিং ও রাজনৈতিক …

**নিবাচনের রোড দেখতে পাচ্ছি না, ম্যাপ ঘোষণা করে কি হবে-----------ফখরুল | প্রথম পাতা**

2 comments • 2 days ago•

বঙ্গবন্ধু__স্মৃতিতে অম্লান — জানোয়ার জামাতিদের গর্তে লুকিয়ে থাকলে road দেখবে কিভাবে -- ইহজনমেও সে গর্ত থেকে বের হতে পারবে কিনা …

বছর মাস দিন
পড়ুন

**এই পাতার আরো খবর -**

## সড়ক-মহাসড়ক অবৈধ দখলমুক্ত হইবে কবে?

ময়মনসিংহের মুক্তাগাছা শহরে ময়মনসিংহ-টাঙ্গাইল মহাসড়ক দখল করিয়া একটি অবৈধ বাস টার্মিনাল স্থাপন করা হইয়াছে। সড়কটির অধিকাংশ জায়গা জুড়িয়া রাস্তার দুই... বিস্তারিত

SHARES

দৈনিক ইত্তেফাক

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত